একই সিনেমায় অভিনয় করবেন বলিউডের তিন খান!

বলিউডের তিন সুপারস্টার সালমান খান, শাহরুখ খান ও আমির খান। দীর্ঘদিন ধরেই ভক্তদের প্রত্যাশা একই সিনেমায় তাদের একসঙ্গে দেখার। হয়তো ভক্তদের এর জন্য আর বেশিদিন অপেক্ষা করতে হবে না।

সম্প্রতি ভারতীয় একটি সংবাদমাধ্যমে জানিয়েছে, খুব শিগগির নাকি তিন খানকে একসঙ্গে একই সিনেমায় দেখা যাবে। আমির খান ও কারিনা কাপুর খানের ‘লাল সিং চাড্ডা’ সিনেমার বিশেষ চরিত্রে সালমান ও শাহরুখ অভিনয় করবেন।

সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, সিনেমাটিতে শাহরুখ খানের জন্য আমির খান বিশেষ একটি চরিত্র রেখেছেন। তবে সেটা অতিথি হিসেবে না, গুরুত্বপূর্ণ চরিত্রের দেখা যাবে তাকে। এরই মধ্যে শাহরুখ খানকে নিশ্চিত করা হয়েছে, তবে সালমান খানের বিষয়টি এখনো চূড়ান্ত হয়নি। তাই আনুষ্ঠানিক ঘোষণার আগ পর্যন্ত নিশ্চিত হতে অপেক্ষা করতে হবে।

হলিউডের বিখ্যাত ‘ফরেস্ট গাম্প’ সিনেমাটি অফিসিয়ালি রিমেক ‘লাল সিং চাড্ডা’। এর মূল চরিত্রে টম হ্যাঙ্কসের স্থানে অভিনয় করবেন আমির খান। অতুল কুলকার্নির কাহিনীতে সিনেমাটি পরিচালনা করছেন অদ্বৈত চন্দন। ২০২০ সালের বড়দিন সিনেমাটি মুক্তি পাওয়ার কথা রয়েছে।